

নিউ ইয়র্ক সিটি পুনরায় খোলা হচ্ছে: মল পরিচালকদের যা জানা প্রয়োজন

নিউ ইয়র্ক সিটি (NYC) যখন একবার **মলগুলি** পুনরায় খোলার জনস্বাস্থ্য মাইলফলকগুলি পূরণ করবে তখন সকল আভ্যন্তরীণ, স্ট্রিপ এবং আউটলেট মলগুলি যেগুলি পরিচালনা জন্য অনুমোদিত, সেগুলি পুনরায় খুলতে পারবে।

পুনরায় খোলা সম্পর্কিত অন্যান্য মুখ্য প্রশ্নগুলির উত্তরের জন্য, অনুগ্রহ করে “[Reopening New York City: Frequently Asked Questions](#)” (নিউ ইয়র্ক সিটি পুনরায় খোলা: প্রায়শই জিজ্ঞাসিত প্রশ্ন) পড়ুন। সব প্রশ্নই প্রাসঙ্গিক নয়, কিন্তু আমরা আশা রাখি এটি নতুন আবশ্যিকতাগুলি কার্যকর করতে আপনাকে সহায়তা করবে। নিউ ইয়র্ক সিটি স্বাস্থ্য ও মানসিক স্বাস্থ্যবিধি দপ্তরের [COVID-19 ব্যবসাসমূহের পৃষ্ঠা](#) এ COVID-19 জনস্বাস্থ্য সঙ্কটের সময় পুনরায় খোলার এবং কার্যকলাপ বজায় রাখার জন্য অতিরিক্ত তথ্য এবং সরঞ্জাম উপলভ্য।

আপডেটগুলির জন্য nyc.gov/health/coronavirus দেখুন। COVID-19 সম্পর্কে এবং সংক্রমণ কমানো এবং নিউ ইয়র্ক বাসীদের নিরাপদ রাখা সম্পর্কে আমরা যেমন যেমন জানতে পারব সেই অনুযায়ী সিটি এবং স্টেটের আশু কর্তব্যগুলি পরিবর্তিত হতে পারে।

COVID-19 এর সংক্রমণ প্রতিরোধ করতে মুখ্য চারটি পদক্ষেপ মনে রাখুন:

- **অসুস্থ হলে বাড়িতে থাকা:** অসুস্থ হলে বাড়িতে থাকুন যদি না অপরিহার্য চিকিৎসা পরিচর্যার (COVID-19 টেস্টিং সহ) জন্য বা অন্যান্য অপরিহার্য কাজের জন্য বাইরে যেতে হয়।
- **সামাজিক দূরত্ব:** অন্যদের থেকে অন্তত 6 ফুট দূরত্বে থাকুন।
- **একটি মুখের আবরণ পরা:** আপনার আশেপাশের সকলকে সুরক্ষিত করুন। আপনি উপসর্গগুলি ছাড়াই সংক্রমিত হয়ে থাকতে পারেন এবং কাশি, হাঁচি, বা কথা বলার সময় রোগটি ছড়াতে পারেন। মুখের আবরণ COVID-19 ছড়িয়ে পড়া কমাতে সহায়তা করে।
- **হাতের সুস্থ স্বাস্থ্যবিধি অনুশীলন করুন:** সাবান ও জল দিয়ে ঘনঘন হাত ধুুন বা সাবান ও জল উপলব্ধ না থাকলে হ্যান্ড স্যানিটাইজার ব্যবহার করুন; যে পৃষ্ঠতলগুলি (সারফেস) প্রায়শই স্পর্শ করা হয় সেগুলি বার বার পরিষ্কার করুন; হাত না ধুয়ে আপনার মুখ স্পর্শ করা এড়িয়ে চলুন এবং আপনার কাশি বা হাঁচি হাতের বদলে বাহু দিয়ে ঢাকুন।

যেহেতু যতটা সম্ভব বাড়ি থেকে কার করা কর্মচারীদের সুরক্ষিত রাখার সবথেকে ভালো উপায়, তাই যে সমস্ত কর্মচারী তাদের কিছু বা সব কাজ বাড়ি থেকে করতে পারবেন তাদেরকে বাড়ি থেকে কাজ করার অনুমতি দিন।

আইনসঙ্গত ভাবে আমার ব্যবসা পুনরায় খুলতে আমাকে কী করতে হবে?

পুনরায় খোলার আগের আপনার প্রয়োজনীয় পদক্ষেপগুলি

- একটি [নিরাপত্তার পরিকল্পনা](#) তৈরি করুন এবং সেটি আপনার কর্মস্থলে টাঙিয়ে রাখুন।

- [নিউ ইয়র্ক স্টেট \(NYS\) নির্দেশিকা](#) পড়ুন এবং অনুবর্তীতা নিশ্চিত করুন। স্টেটের আবশ্যিকতা অনুযায়ী আপনাকে নিশ্চিত করতে হবে যে আপনি স্টেটের-ইস্যু করা শিল্প সম্পর্কিত নির্দেশিকাগুলি পর্যালোচনা করেছেন এবং বুঝেছেন এবং আপনি সেগুলিকে কার্যকর করবেন। আপনি forms.ny.gov/s3/ny-forward-affirmation এ নিশ্চিতকরণ ফর্মটি পূরণ করতে পারেন।
- ফুড কোর্টের ভিতর অবস্থিত বসার এলাকাগুলি এবং খাদ্যের পরিষেবাগুলিকে অবশ্যই [খাদ্য পরিষেবা সংক্রান্ত NYS নির্দেশিকা](#) অনুযায়ী পরিচালিত হতে হবে। মলের রেস্তোরাঁগুলি কেবল বাইরে বসে খাওয়ার জন্য খুলতে পারে, এবং কেবল যদি জনসাধারণের জন্য একটি পৃথক বাহ্যিক প্রবেশদ্বার থাকে।

পরিস্থিতি যেমন হবে সেই অনুযায়ী NYC স্বাস্থ্য দপ্তর তার সুপারিশগুলি পরিবর্তন করতে পারে। 9.10.20